জুলাই যোদ্ধাদের ওপর নির্যাতন অকৃতজ্ঞতার পরিচয়: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জুলাই আন্দোলনে অংশ নেওয়া যোদ্ধাদের বিরুদ্ধে কোনো ধরনের দমন-পীড়ন চালানো থেকে সরকারকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, যাদের আত্মত্যাগ ও রক্তের বিনিময়ে বর্তমান সরকারের পথ সুগম হয়েছে, তাদের ওপর নির্যাতন চালানো হলে তা কৃতজ্ঞতাবোধের পরিপন্থী হবে।

মঙ্গলবার (৪ আগস্ট) রাজধানীর সিরডাপ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, জুলাই আন্দোলনের যোদ্ধাদের যেন কোনোভাবেই হয়রানি বা নির্যাতনের মুখে পড়তে না হয়। তাদের চোখ, হাত-পা কিংবা জীবনের নিরাপত্তা নিয়ে কোনো ধরনের হুমকি সৃষ্টি করা উচিত নয়। তাদের একজনেরও রক্ত ঝরানো হলে সেটিকে তিনি চরম অকৃতজ্ঞতার পরিচয় বলে মন্তব্য করেন।

তিনি জানান, আন্দোলনে আহত অনেকেই এখনও দেশের বাইরে চিকিৎসা নিচ্ছেন। সম্প্রতি ব্যাংককের একটি হাসপাতালে চিকিৎসাধীন কয়েকজন আহতকে দেখতে গিয়ে তিনি জানতে পারেন, তাদের মধ্যে কেউ কেউ আর কখনও স্বাভাবিক জীবনে ফিরতে পারবেন না।

জামায়াত আমির বলেন, জুলাই আন্দোলনে ব্যক্তি বা সংগঠনভেদে যার যতটুকু অবদান রয়েছে, তা নিরপেক্ষভাবে ইতিহাসে লিপিবদ্ধ হওয়া প্রয়োজন। তিনি উল্লেখ করেন, স্বাধীনতার পাঁচ দশকেরও বেশি সময় পরও মুক্তিযোদ্ধা ও শহীদদের পূর্ণাঙ্গ তালিকা তৈরি হয়নি। একইভাবে ২০২৪ সালের আন্দোলনের ঘটনাপ্রবাহও যথাযথভাবে সংরক্ষণ করা জরুরি।

বক্তব্যের শেষদিকে তিনি বলেন, দেশের বৃহত্তর স্বার্থে জাতীয় ঐক্য গড়ে তুলতে জামায়াতে ইসলামী প্রস্তুত। তবে জনগণের অধিকার ও স্বার্থের সঙ্গে আপস করে কোনো সমঝোতায় দল যাবে না এবং কোনো ধরনের আধিপত্যবাদী চাপের কাছেও নতি স্বীকার করবে না।